



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৯.২০২১/৩২৪০/৩

তারিখ : ১৭/০৮/২০২১ খ্রি.

বিষয় : ১ জন শিক্ষিকার পদবী সংশোধন প্রসঙ্গে।

সূত্র : ১২৭/হিসাব/বিএনএমপিসি তারিখ : ০৪/০২/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজের জনাব শাহানা পারভীন, শরীরচর্চা শিক্ষক এর এম.পি.ও কপিতে পদবী ভুল থাকায় সংশোধনের জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক আবেদন করা হয়। কিন্তু আবেদনের সাথে দাখিলকৃত রেকর্ডপত্র অস্পষ্ট হওয়ায় এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হচ্ছে না। আবেদনটি নিষ্পত্তির জন্য নিম্নোক্ত তথ্যাদি প্রয়োজন;

জনাব শাহানা পারভীন এর শরীরচর্চা শিক্ষক পদে নিয়োগ সংক্রান্ত সকল রেকর্ডপত্র(নিয়োগ সিদ্ধান্তের রেজুলেশন, পত্রিকার নিয়োগ বিজ্ঞপ্তির কপি, নিয়োগ পরীক্ষার ফলাফল শীট, নিয়োগ অনুমোদন রেজুলেশন, সকল একাডেমিক সনদপত্র, যোগদান ও নিয়োগপত্র এবং এম.পি.ও তে পদবী সংশোধনের রেজুলেশন।

এমতাবস্থায়, উল্লিখিত রেকর্ডপত্রাদিসহ পুনরায় আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮.৮.২১

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ

পিলখানা, ঢাকা-১২০৫।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- (২) সভাপতি, গভর্নিং বডি, বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, পিলখানা, ঢাকা-১২০৫;
- (৩) সংরক্ষণ নথি।